



ওয়ার্ল্ড ক্যানসার অ্যাওয়ারনেস ডে

ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশনের সমীক্ষা অনুযায়ী প্রতি পরিবারে তিন জনের মধ্যে একজন ক্যানসারে আক্রান্ত হচ্ছেন। যার অন্যতম কারণ অবশ্যই তামাকজাত দ্রব্য এবং দূষণ। ক্যানসার মানেই কিন্তু শেষ নয়, এর থেকে অবশ্যই সেরে উঠবার আশা আছে। তার জন্য দরকার শুধু সচেতনতা— এমনই ভরসার কথা শোনালেন বিশিষ্ট চিকিৎসকরা। সরোজ গুপ্ত ক্যানসার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনসিটিউট ৪ ফেব্রুয়ারি তাদের নিজস্ব অডিটোরিয়ামে ওয়ার্ল্ড ক্যানসার অ্যাওয়ারনেস ডে উদযাপন করল। এবারের থিম ‘লিউকোমিয়া অর্থাৎ রক্তের ক্যানসার।’ সলিড টিউমার চোখে দেখা যায় বা অনুভব করা যায় কিন্তু লিউকোমিয়া নিঃশব্দে শরীরে বাসা বাধে। একেবারে ছোট বাচ্চা থেকে আশি বছর বয়স্ক মানুষও এই রোগে আক্রান্ত হতে পারে। সঠিক সময়ে ধরা পড়লে এই রোগ সেরে যায়। বাচ্চাদের এ ক্ষেত্রে সারভাইভ করার হার আশি থেকে নরহ শতাংশ। আর তাই রক্তশূন্যতা দেখা দিলে, ঘন ঘন জ্বর হলে, লিঙ্গিং হলে সময় নষ্ট না করে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। কারণ রোগ যত তাড়াতাড়ি ধরা পড়বে সুস্থ হয়ে ওঠার সম্ভাবনাও তত বেড়ে যাবে বলে জানান এসজিসিসি ডিরেক্টর তথা চিকিৎসক ডাঃ অর্ব গুপ্ত। তিনি আরও জানান, গ্রামের মানুষ পয়সাকড়ির অভাবে চিকিৎসা না করিয়ে পালানোর চেষ্টা করেন— সে ক্ষেত্রে কম খরচে চিকিৎসা পরিষেবা দেবার ব্যবস্থা আছে এখানে। কম বয়সে কেমোথেরাপি নেওয়ার ফলে মা হওয়ার ক্ষেত্রে একটু অসুবিধা থাকে মেরেদের। তবে যে কোনও রংগিই মেনস্ট্রিমে ফিরে আসতে পারেন। সে ক্ষেত্রে পরিবারের লোকজনদের এগিয়ে আসতে হবে। ওর ক্যানসার হয়েছে বলে আমারও হবে এই ধারণা থেকে ক্যানসার আক্রান্ত রংগিদের একঘরে করে রাখেন, তাদের কাছে কেউ যেতে চান না— এইসব ভুল ধারণাগুলোকে বদলানোর জন্য আরও বেশি জনসেচনতার প্রয়োজন। ‘আমরা ভালো আছি, তোমরাও ভালো হয়ে যাবে’— এই আপ্তবাক্যটি নতুন আক্রান্তদের বোঝাতে এদিন ৭৫ জন সারভাইভার উপস্থিতি ছিলেন, যাঁরা রক্তের ক্যানসারকে হারিয়ে জীবনের মূলশ্রেতে ফিরে এসেছেন, শিশুদের মধ্যেও ক্যানসারে আক্রান্তের হার বাড়ছে। আর তার জন্য দায়ী তাদের ফুড হ্যাবিট। রেডিমেড খাবারের দিকে ঝোঁক বাঢ়ছে বাচ্চাদের। ভাত-মাছ-সবজি-ফল তারা থেতে চায় না। দৌড়বাঁপ, খেলাধূলার বদলে ঘরে বসে মোবাইলে গেম খেলছে, চিপস খাচ্ছে। ব্যায়াম হচ্ছে না বরং ফ্যাট জমছে শরীরে। ফলস্বরূপ ইনফেকশন হচ্ছে, রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়, তাই অভিভাবকদের একটু সজাগ হওয়ার পরামর্শ দিলেন তিনি। অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন ডাঃ পার্থ গুপ্ত, অভিনেত্রী চৈতী ঘোষাল প্রমুখ।

অপর্ণা তাঁতী

এবার পুজোয় অমণে কেরল


বিশেষ রচনা: ট্রাম্প জনান্য অসুস্থ আমেরিকা

সাপ্তাহিক বর্তমান

৮ এপ্রিল ২০১৭ • দাম ৮ টাকা

'ব্রেন জিম'

মন্ত্রিস্কের ব্যায়াম কীভাবে করবেন?



সাপ্তাহিক বর্তমান এখন অনলাইনেও।

বিশেষ জানতে লগ অন করুন www.bartamanmagazines.com